গাংনীতে এক ব্যক্তির ঝুলন্ত মরদেহ উদ্ধার

গাংনীর পল্লী জালশুকা গ্রামে আলতাব হোসেন (৫২) নামের এক ঝুলন্ত ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ।
আলতাব হোসেন জালশুকা গ্রামের বালিয়াপাড়া এলাকার হোসেন আলীর ছেলে।

সোমবার দিবাগত রাতে তার নিজ ঘরের আড়ার সাথে তার মরদেহ ঝুলতে দেখেন তার স্ত্রী। পরে গাংনী থানা পুলিশকে খবর দিলে রাত ১০ টার দিকে গাংনী থানা পুলিশ তার মরদেহ উদ্ধার করে থানায় নেন।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, তার স্ত্রী চুয়াডাঙ্গার এক আত্মীয়র বাড়িতে বেড়াতে গিয়েছিলেন। বাড়ি ফিরে এসে তার মরদেহ ঝুলতে দেখেন। তবে, কি কারনে সে আত্মহত্যা করেছে কিছুই বলতে পারেনি তার পরিবার। আলতাব হোসেন পেশায় একজন কৃষক।
মরদেহ উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে।

বাগোয়ান ইউনিয়ন একাদশকে ৪-১ গোলে হারিয়ে এফসিবি ফাইনালে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের সেমি ফাইনালে বাগোয়ান ইউনিয়ন একাদশকে ৪-১ গোলে হারিয়ে ফাস্ট ক্যাপিটাল অব বাংলাদেশ (এফসিবি) ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করেছে।

আজ সোমবার বিকালে মেহেরপুর সরকারি ফুটবল মাঠে চরম উত্তেজনাপূর্ণ খেলাটি অনুষ্ঠিত হয়। এতে ফুটবল মাঠের চারপাশে কানায় কানায় দর্শকদের বাধ ভাঙ্গা উচ্ছাস ছিল।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এ অনুষ্ঠিত ফুটবল টুর্নামেন্ট এ টানটান উত্তেজনাপূর্ণ খেলায় ৪ গোল করে বিজয়ী হয়ে

টুর্নামেন্ট ফাইনাল খেলায় অংশগ্রহণ নিশ্চিত করেছে ফাস্ট ক্যাপিট্যাল অব বাংলাদেশ (এফসিবি)। গতকার সোমবার মেহেরপুর সরকারি কলেজ মাঠে অনুষ্ঠিত সেমিফাইনাল খেলায় নির্ধারিত সময়ের প্রথমার্ধের ১২ মিনিটের সময় এফসিবি’র ফরোয়ার্ড রুমন একটি গোল করে তার দলকে এগিয়ে নেন। এরপর ১৪ মিনিটের সময় সাইক আরও একটি গোল করে এফসিবিকে ২-০ গোলে এগিয়ে থাকে। পরে বাগোয়ান ইউনিয়ন একাদশের পক্ষে ২৫ মিনিটের সময় ফরোয়ার্ড সবুজ একটি দৃষ্টিনন্দন গোল করে নিজ দলকে কিছুটা এগিয়ে নেন। খেলার দ্বিতীয়ার্ধের ১৩ মিনিটের সময় এফসিবি’র রুমন আরও একটি গোল করেন। পরে অতিরিক্ত টাইমের শেষ মিনিটে এফসিবি’র তানিন সরকার আরও একটি গোল করে তাদের ঝুলিতে ৪ টি গোল যুক্ত করেন।

খেলায় বাগোয়ান ইউনিয়ন একাদশ ৩ টি গোল করার সুযোগ পেলেও গোল দিতে ব্যার্থ হন।

খেলায় এফসিবি’র অধিনায়ক শাকিল বিচারকদের বিবেচনায় শাকিল ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হওয়ায় টুর্নামেন্টের পক্ষ থেকে একটি জার্সি উপহার দেওয়া হয়। এছাড়া খেলায় এফসিবির পক্ষে রুমন দুটি গোল দেওয়ায় লালন শাহ বালি ভান্ডারের পক্ষ থেকে একটি জার্সি উপহার দেওয়া হয়।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর উপদেষ্টা মেহেরপুর সরকারি কলেজের অবসরপ্রাপ্ত ক্রীড়া শিক্ষক মো: রমজান আলী, সাবেক মেয়র ও কৃতি ফুটবলার আব্দুর রহমান, বিএম স্কুলের প্রাক্তন শিক্ষক ও প্রাক্তন কৃতি ফুটবলার আব্দুর রহমান, জনতা ব্যাংকের অবসরপ্রাপ্ত এজিএম ও প্রাক্তন কৃতি ফুটবলার আব্দুস সামাদ, সাবেক ফুটবলার আমিরুল ইসলাম অল্ডাম ও খেলার সদস্য সচিব মাহাবুব চান্দু ম্যান অফ দ্যা ম্যাচ শাকিলের হাতে জার্সি তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর প্রতিদিন ফুটবল টুনার্মেন্টের আহবায়ক এমদাদুল হক, প্রাক্তন ফুটবলার আব্দুস সালাম, মাসুদ করিম ধলস, শামীম হোসেন, আজমাইন হক, সামসুজ্জামান শামীম, মনিরুল ইসলাম মনি, আনোয়ারুল হক কালু, শামীম জাহাঙ্গীর সেন্টু, জাহাঙ্গীর আলম, ইয়ারুল ইসলাম।

আগামীকালকের খেলা দ্বিতীয় সেমি ফাইনাল গাংনী উপজেলার বাওট শাপলা ক্লাব ও মোনাখালি ইউনিয়ন একাদশ।

খেলাটি এক যোগে প্রচারিত হবে, রাজধানী টিভি, রেডিও পায়রা,

মেহেরপুর প্রতিদিন ফেসবুক পেইজ।

মেহেরপুরের বুড়িপোতা গ্রামে গার্মেন্টস দোকানে আগুন, ৬ লক্ষাধিক টাকা ক্ষয়ক্ষতি

রাতে দোকানে তালা দিয়ে বাড়ি ফিরে সকালে গিয়ে দেখেন সব শেষ। আশিক ট্রেডার্স নামের ওই গার্মেন্টসের দোকানে ভয়াবহ অগ্নিকান্ড ঘটে প্রায় ৬ লক্ষাধিক টাকার গার্মেন্টস মালামাল পুড়ে ভস্মিভূত হয়েছে।

সোমবার দিবাগত মধ্যরাতে সদর উপজেলার বুড়িপোতা গ্রামে আশিক ট্রেডার্স নামের ওই গার্মেন্টসের দোকানে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

দোকান মালিক আশিকুর রহমান জানান, পূবের্র রাত এগারোটার দিকে তার দোকান বন্ধ করে বাড়ি চলে যায়। এরপর মধ্যরাতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

প্রত্যক্ষ দর্শি বুড়িপোতা গ্রামের অটোচালক আব্দুল মজিদ জানান দোকান থেকে ধোঁয়া উঠতে দেখে দোকান মালিকসহ আশপাশের লোকজনকে খবর দেন। এসময় প্রতিবেশীরা এসে আগুন নেভানোর পূর্বেই দোকানের সমস্ত মালামাল পড়ে যায়।
এসময় ফায়ার সার্ভিসকে খবর দিলেও তারা ঘটনাস্থলে না পৌছানোতে এলাকার মানুষ বিরুপ মন্তব্য প্রকাশ করেছেন। তবে, ফায়ার সার্ভিস থেকে জানানো হয়েছে আমরা ঘটনাস্থলে যাচ্ছিলাম। পথের মধ্যে খবর আসে আগুন নিভে গেছে। তাই আবার ফিরে আসি।
রহস্যজনক অগ্নিকাণ্ডের ঘটনাটি বলে অনেকেই মন্তব্য করেন। অশিকের দাবী কেউ শত্রুতা করে দোকানের তালা ভেঙে ভিতরে আগুন ধরিয়ে দিয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৭

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের পৃথক অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৭ আসামি গ্রেফতার হয়েছে।
এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে ৩ ও গাংনী থানা পুলিশের অভিযানে ৪ আসামি গ্রেফতার হয়েছে।
সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ১, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ ও অন্যান্য মামলায় ১ আসামি রয়েছে। গাংনী থানা পুলিশের অভিযানে মাদক মামলায় ৪ আসামি গ্রেফতার হয়েছে। রবিবার দিবাগত রাতে পৃথক সময়ে গাংনী ও সদর থানা পুলিশ অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।
আজ সোমবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে প্রস্তাবিত স্থানে মডেল মসজিদ নির্মাণ বন্ধের চক্রান্তের প্রতিবাদে মানববন্ধন

মুজিবনগরে প্রস্তাবিত স্থানে মডেল মসজিদ নির্মাণ বন্ধের চক্রান্তের প্রতিবাদে মানববন্ধন করেছে মানিকনগর গ্রামবাসী।

রবিবার দুপুরে মুজিবনগর উপজেলা পরিষদের সামনে এই মানববন্ধন ও অনুষ্ঠিত হয়। মানববন্ধনে উপস্থিত বিশিষ্ট ব্যক্তিবর্গ বলেন, প্রস্তাবিত স্থানে মডেল মসজিদ চাই এর কোন বিকল্প নেই।

প্রস্তাবিত স্থানে মডেল মসজিদ করতে হবে এটাই আমাদের দাবি।

স্বাধীনতার সূতিকাগার ঐতিহাসিক মুজিবনগর ১৯৭১ সালের ১৭ই এপ্রিল বাংলাদেশের প্রথম সরকারের শপথগ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয় এবং মুজিবনগরকে বাংলাদেশের অস্থায়ী রাজধানী হিসেবে ঘোষণা করে মুক্তিযুদ্ধ পরিচালিত হয়। এতে আমরা অর্জন করি সেই মহান স্বাধীনতা। সেই স্থানকে স্মরণীয় করে রাখার জন্য এবং বর্তমান প্রজন্মকে মুক্তিযোদ্ধার সঠিক ইতিহাস তুলে ধরার জন্য মুক্তিযোদ্ধা কমপ্লেক্স নির্মাণ করা হয়। যার ফলে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স- উপজেলা পরিষদ, থানা, হাসপাতাল, ফায়ার সার্ভিস ভবন, পশু সম্পদ ভবন, সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজসহ অসংখ্য অফিস আদালতের জন্য জমি অধিগ্রহণ হয়। যার অধিকাংশ জমি মানিকনগর মৌজার মধ্যে এবং মানিকনগর গ্রামের অধিকাংশ জনগণ সরকারের উন্নয়ন এর কথা বিবেচনা করে সরকারি সকল স্থাপনার কথা চিন্তা করে তাদের জমি সরকারকে দিয়ে দিয়েছে।

মুজিবনগরের উন্নয়নের স্বার্থে এলাকাবাসী তাদের জমি-জমা সরকারকে দিয়ে দেয়। আজ সারা বাংলাদেশে মডেল মসজিদ নির্মাণ হচ্ছে। তারই অংশ হিসেবে মুজিবনগরে একটি মডেল মসজিদ নির্মাণ হওয়ার কথা। কিন্তু দুঃখের বিষয় কিছু কুচক্র মহল রাতারাতি বাড়ি নির্মাণ করে মসজিদটি নির্মাণ বন্ধ করার ষড়যন্ত্র করছে যা মুসলিম সমাজের মনে প্রচুর আঘাত করছে। মসজিদটি নির্মাণ বন্ধ হলে আমরা খুবই ব্যথিত হব। এখানে অনেক বড় বড় ব্যবসা প্রতিষ্ঠান এবং বসতভিটা আছে। তাছাড়া পরবর্তীতে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স আধুনিকায়নের জন্য যে ৫১ একর জমি অধিগ্রহণ করা হবে, সেই স্থানে যদি মসজিদ নির্মাণ না হয় তবে সেটি প্রশ্নবিদ্ধ হবে।

মানববন্ধন শেষে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে মেহেরপুর জেলা প্রশাসকের নিকট একটি স্মারকলিপি প্রদান করা হয়।

গাংনীতে ধানের জমিতে বিষ দিতে

গিয়ে বৃদ্ধ অসুস্থ

জমিতে বিষ দিতে গিয়ে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন স্বার্থক আলী (৭০) নামের এক বৃদ্ধ।স্বার্থক আলী মেহেরপুরের গাংনী উপজেলার ঢেপা পাঙ্গাসীপাড়া এলাকার সিদ্দিক মন্ডলের ছেলে।

আজ রবিবার (১৮ জুন) স্থানীয় খাগড়াজল মাঠে নিজের ধানের জমিতে বিষ দিতে গিয়ে অসুস্থ হয়ে পড়েন তিনি।

সাথে সাথে বাড়িতে চলে আসেন তিনি। বাড়িতে এসে আরো অসুস্থ হয়ে পড়লে তাকে মেহেরপুর ২৫০ শয্যর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

বর্তমানে তার শারীরিক অবস্থার উন্নতি হচ্ছে বলে জানিয়েছেন কর্তব্যরত চিকিৎসক।

শ্যামপুর ইউনিয়ন চেয়ারম্যান মতিউর রহমানের চাচার ক্ষমতার দাপট

চেয়ারম্যানের ভাইকে চাঁদা না দেওয়ায় রমজান আলী নামের এক ট্রাক্টর চালককে বেদম পিটিয়ে আহত করেছে। আহত রমজান আলী মেহেরপুর সদর উপজেলার রমনগর কলোনিপাড়া এলাকার খোয়ার আলীর ছেলে।

আহত রমজান আলী জানান, আমি নিজে একজন আওয়ামীলীগ কর্মী। আমি ট্রাক্টরে মাটি নিয়ে গোপালপুরের মধ্য দিয়ে যাওয়ার সময় শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিউর রহমান মতির চাচা হামিদুল ইসলাম ৫ হাজার টাকা চাঁদা দাবী করে। আমি প্রথমে তাকে ৫ হাজার টাকা দিয়েছি। তারপর সে আবারো টাকা দাবি করে। তার দাবীকৃত টাকা না দিতে চাওয়ায় আমাকে বাটাম দিয়ে পিটিয়ে আহত করে।

মদনাডাঙ্গার কালু নামের এক আওয়ামীলীগ কর্মী জানান, চেয়ারম্যান হওয়ায় পর থেকে চেয়ারম্যান মতিউর রহমান ও তার ছোট চাচা হামিদুল

ইসলাম বেপরোয়া হয়ে উঠেছে। ইতোমধ্যে বেশ কয়েকজনকে মারপিট করেছে হামিদুল।

এদিকে রমজান আলী তাদের দুই ভাইয়ের বিচারের দাবীতে আওয়ামীলীগের মেহেরপুর জেলা শাখায় এসে নেতৃবৃন্দের কাছে বিচার দাবি করেন। পরে তারা আদালতে যাওয়ার জন্য রমজান আলীকে পরামর্শ দেন।

এব্যাপারে শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিউর রহমান মতিন বলেন, রমজান আলীসহ ৮ জন ট্রাক্টর চালকের ৪২ টি ট্রাক্টর এলাকার বিভিন্ন রাস্তায় মাটি নিয়ে যাচ্ছে। এতে পথ ঘাটের অবস্থা খারাপ হয়ে পড়েছে।রাস্তাগুলো কাদায় ভরে যাচ্ছে। আবার শুকনোতে ধুলো উড়ছে। তাই এলাকার নারী পুরুষ সবাই একত্রিত হয়ে আমার কাছে বিচার দিয়েছে। আমি তাদের নিষেধ করাই ৬ জন চালক বন্ধ রেখেছে। কিন্তু ওই দুই জন চালক তাদের ট্রাক্টর চালাচ্ছে। যে কারনে অনেকেই রমজানকে ধরে মারপিট করেছে। আমি ঢাকায় ছিলাম। আজকে এসেছি। সবিই নিজেদের ব্যাপার আজকে বিকালে উভয়পক্ষকে নিয়ে বসে মিমাংসা করে দেবো।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৩

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৩ আসামি গ্রেফতার হয়েছে।

সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ ও রিকলমুলে ১ জন এবং মুজিবনগর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ১ আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল শনিবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ রবিবার (১৮ জুন) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন গ্রামে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

সদর থানার ওসি সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করেন।

গ্রেফতারকৃতদের আজ রবিবার (১৮ জুন) বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দেশের প্রতিটি প্রান্তে উন্নয়নের বার্তা পৌছে দেওয়ার লক্ষে স্মার্ট কর্ণারের যাত্রা

বাংলাদেশ আওয়ামী লীগের জাতীয় নির্বাচন পরিচালনা কমিটির কো- চেয়ারম্যান কবির বিন আনোয়ার বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিকতায় বাংলাদেশ আজ ডিজিটাল বাংলাদেশে উন্নীত হয়েছে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী যে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন তারই ধারাবাহিকতায় আওয়ামী লীগের প্রতিটি কার্যালয়ে স্মার্টকর্ণার স্থাপন করার কার্যক্রম চলমান রয়েছে। পর্যায়ক্রমে উপজেলা পর্যায়ে ও প্রতিটি কার্যালয়ে স্মার্ট কর্ণার স্থাপন করার মাধ্যমে দেশের প্রতিটি প্রান্তে উন্নয়নের বার্তা পৌঁছে দেওয়া হবে।

শনিবার সকালে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে মেহেরপুর জেলা আওয়ামী লীগ কার্যালয়ে স্মার্ট কর্ণার উদ্বোধন উপলক্ষে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

তিনি আরো বলেন, স্মার্ট কর্ণার স্থাপনের ফলে এখন থেকে প্রতিটি জেলা আওয়ামী লীগ কার্যালয়ের ডিজিটাল সুবিধার মাধ্যমে মুক্তিযুদ্ধ, সরকারের উন্নয়ন, সাফল্য ও সম্ভাবনার চিত্র তুলে ধরে প্রচার-প্রচারণা চালানো হবে। এ উদ্যোগের ফলে নতুন প্রজন্ম সঠিক ইতিহাস ও তথ্য পাবে।

এ সময় তিনি ঐক্যবদ্ধভাবে মুক্তিযুদ্ধের বিপক্ষের শক্তিকে রুখে দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের গতিকে আরও বেগবান করতে নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে ভার্চুয়ালি সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের

সভাপতি ও জনপ্রশান প্রতিমন্ত্রী মো: ফরহাদ হোসেন এমপি। অনুষ্ঠান সঞ্চালনা করেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল খালেক। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, তথ্য প্রযুক্তিবিদ সুফি ফারুক ইবনে আবু বকর, প্রকৌশলী মো: তানভীর হাসান তালাশ, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইব্রাহিম শাহীন, গাংনী পৌর মেয়র আহমেদ আলী, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি বোরহান উদ্দিন, সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম।

এর আগে ফিতা কেটে কবির বিন আনোয়ার জেলা আওয়ামী লীগের স্মার্ট কর্ণারের উদ্বোধন করেন। নির্বাচন পরিচালনা কমিটির “রোড টু স্মার্ট বাংলাদেশ” কর্মসূচীর আওতায় দেশব্যাপী আওয়ামী লীগের সাংগঠনিক জেলা অফিসগুলোকে স্মার্ট কার্যালয় হিসেবে গড়ে তোলার লক্ষে মেহেরপুর জেলা আওয়ামী লীগ কার্যালয়ে “স্মাটর্ কর্ণার” এর উদ্বোধন করা হয়।

গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামে পুকুরের পানিতে ডুবে ফারদিন হোসেন (৫) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।

শিশু ফারদিন হাড়িয়াদহ গ্রামের উত্তরপাড়ার সিঙ্গাপুর প্রবাসী ফরজ আলীর ছেলে। ফারদিন পূর্বমালসাদহ মাদ্রাসার শিশু শ্রেণীর ছাত্র।

আজ শুক্রবার (১৬ জুন) বেলা ১টার দিকে হাড়িয়াদহ গ্রামের ইউনুস আলীর পুকুর থেকে তার মৃত দেহ উদ্ধার করে স্থানীয়রা।

স্থানীয়দের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, ফারদিন একা একা পুকুরে গোসল করতে নেমে তলিয়ে যায়। তাকে পুকুরের পানিতে ভাসতে দেখে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে, কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত

ঘোষণা করেন।